NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)

স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রয়োগ পরীক্ষার কাজের তালিকা

এই পরীক্ষাটি দিতে প্রায় 2-½ ঘণ্টা সময় লাগে। প্রতিটি প্রক্রিয়ার জন্য নিচে নির্দিষ্ট সময় বরাদ্দ রয়েছে; এই প্রক্রিয়াগুলো আপনাকে আপনার সঙ্গে করে নিয়ে আস একটি ম্যানিকিনের উপর করে দেখাতে হবে। প্রতিটি প্রক্রিয়া শুরু করার আগে পরীক্ষক মৌখিক নির্দেশনা প্রদান করবেন। নিউ ইয়র্ক স্টেটের সৌন্দর্য বৃদ্ধি আইন ও বিধিমালা অনুসারে, পুরো পরীক্ষাটি চলাকালীন নিরাপত্তা এবং সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হবে বলে আশা করা হবে।

কাজের জায়গা ও ম্যনেকিন প্রস্তুতকরণ (15 মিনিট)

11টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:

"স্বাভাবিক চুলের স্টাইলিং করার প্রায়োগিক পরীক্ষায় আপনাকে স্বাগতম। পরীক্ষার প্রথম অংশটি হলো আপনার কাজের স্থান এবং ম্যানিকিন প্রস্তুত করা। সবার আগে আপনার ব্যবহৃত ডিসপোজেবল সামগ্রী রাখার ব্যাগটি প্রস্তুত করুন এবং কাজের জায়গাটিকে স্যানিটাইজ করুন। কাজের জায়গাটিকে স্যানিটাইজ করার পর, আপনাকে জীবাণুনাশক ট্রে নিতে বলা হবে এবং পরীক্ষার জন্য প্রয়োজনীয় সব সরঞ্জাম ও উপকরণ সাজাতে বলা হবে। এরপর আপনাকে আপনার ম্যানিকিন প্রস্তুত করতে হবে। যখন আপনি শেষ করে ফেলবেন, তখন একটু পিছনে সরে দাড়াঁবেন এবং চুপচাপ পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন। এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনার 15 মিনিট সময় রয়েছে, আপনি এখন শুরু করতে পারেন।

1) আবেদনকারীর পরনে একটি পরিষ্কার বাহ্যিক পোশাক (স্মক বা গাউন) আছে, যা সে জামা বা অন্য কোনো পোশাকের উপর পরে আছে এবং সেটিকে গুঁজে বা টাক-ইন করে নেই, সঙ্গে পরেছে ক্লোজ্ড-টো সু যা পায়ের উপরের অংশটিকে ঢেকে রেখেছে এবং সেটি ক্যানভাসের তৈরি নয়।
2) একটি EPA-অনুমোদিত স্যানিটাইজিং দ্রবণ (তরল, স্প্রে, ওয়াইপ ইত্যাদি আকারে হতে পারে); পণ্যটি আসল হতে হবে ও লেবেলযুক্ত প্যাকেজিংয়ে থাকতে হবে এবং এটিকে কাজের জায়গা বা ওয়ার্ক স্টেশনের পুরো অংশে প্রয়োগ করতে হবে। এরপর পরবর্তী ধাপে এগোবার আগে কাজের জায়গা বা ওয়ার্ক স্টেশনটিকে সম্পূর্ণরূপে শুকিয়ে নিতে হবে (সেজন্য পেপার টাওয়েল বা তোয়ালে ব্যবহার করা যেতে পারে)।
3) একবার ব্যবহার করা ডিসপোজেবল সামগ্রী ফেলার জন্য একটি প্লাস্টিকের ব্যাগ কাজের জায়গার কাছাকাছি জায়গায় রাখা হয়েছে; জীবাণুমুক্তিকরণ প্রক্রিয়ার সময় নোংরা হওয়া সব একবার ব্যবহার করা ডিসপোজেবল সামগ্রী এই ব্যাগে ফেলা হবে।
4) যেসব উপকরণগুলিকে পরে জীবাণুমুক্ত করতে হবে (যেমন: কাঁচি/চিরুনি/ব্রাশ ইত্যাদি), সেগুলোকে একটি ঢাকনাযুক্ত কন্টেইনারে বা সিল করা যায় এমন একটি প্লাস্টিক ব্যাগে করে আনা হয়েছে, এবং তাতে 'পরিষ্কার' লেখা লেবেল রয়েছে।
5) আগে থেকে মেশানো EPA-অনুমোদিত জীবাণুনাশক (যেটি পরিষ্কারভাবে ও সঠিকভাবে জীবাণুনাশক হিসেবে লেবেলযুক্ত) একটি ঢাকনাযুক্ত কন্টেইনারে (যাতে 'নোংরা' লেখা লেবেল রয়েছে) নিয়ে আসা হয়েছে।
6) পর্যাপ্ত পরিমাণ জীবাণুনাশক দ্রবণ সঙ্গে করে আনা হয়েছে, যাতে ব্যবহারের পর উপকরণগুলো সম্পূর্ণরূপে ডুবিয়ে রাখা যায়।
7) রক্তপাতের ক্ষেত্রে ব্যবহারের জন্য একটি সিল করা যায় এমন প্লাস্টিক ব্যাগ এবং একটি শক্তপোক্ত প্লাস্টিকের কন্টেইনার (যাতে কাঁচি বা অন্যান্য উপকরণ রাখা যায়) সঙ্গে করে আনা হয়েছে এবং তাতে 'রক্তদূষণ' লেখা লেবেল লাগানো আছে (যদি দৃশ্যমান না হয়, তাহলে পরীক্ষার্থীকে তা দেখাতে বলা হবে); রক্তবাহিত জীবাণু থেকে সুরক্ষার জন্য প্রয়োজনীয় আইটেম (যেমন একবার ব্যবহারযোগ্য ডিসপোজেবল প্রোটেক্টিভ গ্লাভস ও ব্যান্ডেজ) ওই কন্টেইনারেই রাখা আছে।
8) ক্লায়েন্ট (মানে ম্যানিকিন) -কে স্পর্শ করার আগে পরীক্ষার্থীকে নিজের হাত স্যানিটাইজার (তরল, ফোম, বা ওয়াইপ আকারে) দিয়ে জীবাণুমুক্ত করে।

9) পরীক্ষার্থী একটি পরিষ্কার স্ক্যাল্প ও চুলযুক্ত ম্যানিকিন নিয়ে এসেছে এবং সেটিকে ঠিকমতো কাজের টেবিল বা ওয়ার্কস্টেশনে কাউন্টার-টপ ক্ল্যাম্প দিয়ে আটকে রেখেছে (ম্যানিকিনটিকে নিরাপদে ক্ল্যাম্পে আটকে রাখার জন্য পরীক্ষার্থী পেপার টাওয়েল বা অন্য কোনো উপকরণ ব্যবহার করতে পারে)।
10) ক্লায়েন্ট (মানে ম্যানিকিন)-কে একটি পরিষ্কার, কম দৈর্ঘ্যের কম্ব-আউট কেপ বা সাধারণ কেপ দিয়ে সঠিকভাবে ঢেকে দেওয়া হয়েছে; গলা ও কেপের মাঝে একটি তোয়ালে বা নেক স্ট্রিপ ব্যবহার করে ব্যারিয়ার তৈরি করা হয়েছে।
11) ওয়ার্কস্টেশন ও ক্লায়েন্ট (মানে ম্যানিকিন) প্রস্তুতির পুরো প্রক্রিয়া জুড়ে নিরাপত্তা এবং সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মকানুন মেনে চলা হয়েছে।

লকিং (চুলে লক তৈরি করা) (30 মিনিট)
৪ টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"পরীক্ষার পরবর্তী অংশ হলো 'লকিং' প্রক্রিয়ার প্রদর্শন। আপনাকে তিনটি ভিন্ন ধরনের লকিং পদ্ধতি প্রদর্শন করতে হবে: কম্ব মেথড, টু-স্ট্র্যান্ড টুইস্ট মেথড, এবং পাম রোলিং। প্রত্যেকটি মেথড বা পদ্ধতিতে ছয়টি করে লক সম্পূর্ণ করতে হবে। এই কাজটি মাথার শীর্ষস্থল (টপনট) এলাকায় করতে হবে। যখন আপনি শেষ করে ফেলবেন, তখন একটু পিছনে সরে দাড়াঁবেন এবং আপনার পরীক্ষকের কাছ থেকে পরবর্তী নির্দেশনার জন্য চুপ করে অপেক্ষা করবেন। এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনার 30 মিনিট সময় রয়েছে এবং আপনি এখন শুরু করতে পারেন।

1) সব সেকশন এবং পার্টিংগুলো সোজা, পরিষ্কার এবং সঠিকভাবে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে।
2) জেল বা লোশন উপযুক্ত পরিমাণে ব্যবহার করা হয়েছে।
3) পাম রোল পদ্ধতি অনুসরণ করার সময়, লকগুলোকে উপরের দিক থেকে নিচের দিকে মসৃণ ও ধীর গতিতে, ঘড়ির কাঁটার বিপরীত দিকে (কাউন্টারক্লকওয়াইজ) ঘোরানো হবে, এবং হাতের মধ্যে ভালোভাবে ধরা থাকবে যাতে টান কমে না যায়।
4) কম্ব মেথড বা পদ্ধতি অনুসরণ করার সময়, লকগুলোকে গোড়া থেকে ডগা পর্যন্ত মসৃণ ও ধীর গতিতে কাজ করতে হবে; গিঁট যেন না পড়ে এবং টান যেন কমে না যায় তা নিশ্চিত করতে লকগুলোর সাথে নিয়মিত সংস্পর্শ বজায় রাখতে হবে।
5) টু-স্ট্র্যান্ড টুইস্ট করার সময়, সঠিকভাবে আঙুলগুলিকে মসৃণভাবে ও ধীর গতিতে নড়াচড়া করতে হবে। টান যেন না কমে যায়, তাই পুরো সময় লকগুলোর সাথে নিয়মিত সংস্পর্শ বজায় রাখতে হবে।
6) সব লক (চুলের গোছা) যেন মসৃণ, একরকম মাপের ও ঘনত্বের হয়, এবং প্রতিটা টান যেন সমান থাকে। লকগুলো যেন সিলিন্ডারের মতো দেখায়, অতিরিক্ত পেঁচানো বা মোচড়ানো যেন না হয়।
7) লকগুলোর প্রান্ত যেন সরু করে শেষ করা হয়; পরিষ্কারভাবে এবং সঠিকভাবে শেষ করা হয় (নিরাপদভাবে ক্লিপ দিয়ে আটকানো থাকে)।
8) লকিংয়ের প্রতিটি ধাপে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হয়েছে।

ব্রেইডিং (চুলে বেনী বা বিনুনি তৈরি করা) (30 মিনিট)
6 টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"পরীক্ষার পরবর্তী অংশ হলো 'ব্রেডিং বা বিনুনি'-এর প্রদর্শন। আপনাকে তিন ধরনের বিনুনি প্রদর্শন করতে হবে: মাথার এক পাশে তিনটি বড় কোসামাস বিনুনি (1 ½ - 2 ইঞ্চি ব্যাসের) এবং অন্য পাশে তিনটি ছোট বিনুনি (1/16 - 1/8 ইঞ্চি ব্যাসের) ও তিনটি মাঝারি বিনুনি (1/4 - ½ ইঞ্চি ব্যাসের)। তির্যক পার্টিং এবং উল্লম্ব সাবসেকশন ব্যবহার করা উচিত। যখন আপনি শেষ করে ফেলবেন, তখন একটু পিছনে সরে দাড়াঁবেন এবং চুপচাপ পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন। এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনার 30 মিনিট সময় রয়েছে এবং আপনি এখন শুরু করতে পারেন।"

1) সব সেকশন এবং পার্টিংগুলো সোজা, পরিষ্কার এবং সঠিকভাবে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে।
2) কৃত্রিম চুলকে সঠিকভাবে ব্যবহার করা হয়েছে (জটমুক্ত/মেঝেতে খুব স্বল্প পরিমাণে পড়ে/ ইত্যাদি) এবং ব্রেড বা বিনুনি করার সময় সুনির্দিষ্ট পরিমাণে, পরিপাটি করে ও সমানভাবে খোঁপায় যোগ করা হয়েছে।
3) সব বুননের সেলাই পরিষ্কার, মসৃণ এবং আকার ও ঘনত্বে একরূপ; প্রতিটি ধরনের বুনন একই আকার ও দৈর্ঘ্যের এবং বিভাগগুলোর কেন্দ্রে করা হয়েছে এবং চুলগুলো স্বাভাবিকভাবে পড়ে আছে।
4) বিনুনির প্রান্তগুলি সুসজ্জিত এবং উপযুক্তভাবে সম্পন্ন করা হয়েছে; বিনুনির দৈর্ঘ্য বরাবর ছড়িয়ে থাকা অযাচিত চুলগুলো ছেঁটে ফেলা হয়েছে।
5) মাথার ত্বক বা স্ক্যাল্পে সবসময় সঠিক টান বজায় রাখা হয়েছে।
6) ব্রেডিংয়ের প্রতিটি ধাপে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হয়েছে।

কর্নরোইং (মাথার ত্বকের কাছাকাছি সরল রেখায় চুলে ঘন বেণি তৈরি করা) (30 মিনিট)
4 টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"পরীক্ষার পরবর্তী অংশ হলো 'কর্নরোইং'-এর প্রদর্শন। আপনি মাথার একপাশে পাঁচটি উলম্ব কর্নরো তৈরি করে শুরু করবেন। *আপনি যখন পাঁচটি উলম্ব কর্নরো তৈরি করে ফেলবেন, তখন মাথার অন্য পাশের অতিরিক্ত চুল উপযুক্ত ক্লিপ ব্যবহার করে সরিয়ে রাখুন এবং নিচের ক্রাউন এলাকায় একদিক থেকে অন্যদিকে এক্সটেনশন চুল সহ একটি অনুভূমিক কর্নরো তৈরি করুন। যখন আপনি শেষ করে ফেলবেন, তখন একটু পিছনে সরে দাড়াঁবেন যাতে বোঝা যায় যে আপনি আপনার কাজটি শেষ করেছেন এবং চুপচাপ পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন। এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনার 30 মিনিট সময় রয়েছে এবং আপনি এখন শুরু করতে পারেন।"*

1) সব সেকশন এবং পার্টিংগুলো সোজা, পরিষ্কার এবং সঠিকভাবে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে।
2) কৃত্রিম চুলকে সঠিকভাবে ব্যবহার করা হয়েছে (জটমুক্ত/মেঝেতে খুব স্বল্প পরিমাণে পড়ে/ ইত্যাদি) এবং *কর্নরো* করার সময় সুনির্দিষ্ট পরিমাণে, পরিপাটি করে ও সমানভাবে যোগ করা হয়েছে।
3) সমস্ত বুনন পরিষ্কার, মসৃণ এবং আকার ও ঘনত্বে সমান; কর্নরোগুলো কোনও দিকে অতিরিক্ত বাঁকানো হয়নি; মাথার ত্বকে যথাযথ টান সব সময় বজায় রাখা হয়েছে।
4) কর্নরোয়ের প্রতিটি ধাপে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হয়েছে।

উইভিং (চুল বোনা, সাধারণত এক্সটেনশন নামে পরিচিত) (30 মিনিট)
7 টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"পরীক্ষার শেষ অংশ হলো উইভিং। এবার আপনি সেই এক্সটেনশন হেয়ার দিয়ে তৈরি অনুভূমিক কর্নরোতে একটি উইভ তৈরি করবেন। উইভিং সম্পন্ন হলে, অনুগ্রহ করে পিছনে সরে দাঁড়িয়ে শান্তভাবে অপেক্ষা করুন,পরীক্ষক আপনাকে আপনার কাজের এলাকাটি পরিষ্কার করতে এবং সরঞ্জাম পুনরায় প্যাক করতে নির্দেশ দেবেন। কখন আপনি আপনার কাজের এলাকা ছেড়ে যেতে পারেন তা আপনাকে জানানো হবে, এবং পরীক্ষার শেষে অনুমতি দেওয়া হবে যাতে আপনি আপনার একবার ব্যবহৃত ডিসপোজেবল উপকরন সহ ব্যাগটিকে পরীক্ষার কক্ষ থেকে বের হওয়ার সময় ফেলে দিতে পারেন। এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনার 30 মিনিট সময় রয়েছে এবং আপনি এখন শুরু করতে পারেন।"

1) উইভ সম্পূর্ণ করতে প্রয়োজনীয় সব সরঞ্জাম এবং উপকরণ সরবরাহ করা হয়েছে।
2) বেস কর্নরো প্রতিটি কানের দিক থেকে মাঝখানের দিকে বোনা হয়েছে এবং ফলাফল সামঞ্জস্যপূর্ণ ও সুষম।
3) বুননের আগে ওয়েফটকে যথাযথ মাপে মাপা এবং কাটা হয়েছে।
4) আবেদনকারী সুতো ও সূঁচের নিয়ন্ত্রণে সম্পূর্ণ দক্ষতা প্রদর্শন করে।
5) উপযুক্ত বুনন ব্যবহৃত হয়েছে যাতে সুতো ছিঁড়ে যাওয়া অবস্থাতেও উইভ যেন ক্ষতিগ্রস্ত না হয়; স্লিপ স্টিচিং সমান, ধারাবাহিক এবং উপযুক্ত টান বজায় রেখে করা হয়েছে।
6) ফলস্বরূপ উইভটি সোজা এবং স্বাভাবিকভাবে ঝুলছে এবং ওয়েফট মাথার উপর সমতল অবস্থায় রয়েছে।
7) উইভিংয়ের প্রতিটি ধাপে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হয়েছে।

কাজের জায়গা পরিস্কার করা
4 টি কাজের মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"আপনি এখন আপনার সরঞ্জাম গুছিয়ে নিতে এবং কাজের জায়গাটি পরিষ্কার করতে পারেন, যদি আপনি এখনও তা না করে থাকেন। যখন আপনি শেষ করে ফেলবেন, তখন একটু পিছনে সরে দাড়াঁবেন এবং পরীক্ষকের আপনাকে চলে

যাওয়ার অনুমতি দেওয়ার জন্য অপেক্ষা করবেন। চলে যাওয়ার সময়, অনুগ্রহ করে আপনি যে কোনও জিনিস পেছনে ফেলে রেখে যাচ্ছেন না তা নিশ্চিত করবেন। আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ এবং আপনার জন্য শুভকামনা রইল!"

1) ব্যবহৃত যন্ত্রপাতি (কাঁচি, ব্রাশ, চিরুনি) 'ডার্টি' লেবেলযুক্ত পাত্রে সংরক্ষিত ছিল -অথবা- ব্যাগিতে রাখা হয়েছিল অথবা ডিসপোজেবল ব্যাগে ফেলা হয়েছিল।
2) কাজের জায়গা বা ওয়ার্কস্টেশন (কর্ম স্থল) সম্পূর্ণরূপে স্যানিটাইজিং সলিউশন দিয়ে পরিষ্কার করা হয়েছে; মেঝে পরিষ্কার আছে।
3) সমস্ত সরঞ্জাম ও উপকরণ গুছিয়ে নেওয়া হয়েছে এবং কিছুই রেখে যাওয়া হয়নি; আবেদনকারী দ্বারা সমস্ত একবার ব্যবহারযোগ্য ডিসপোজেবল সামগ্রী কাজের জায়গা থেকে সরিয়ে নেওয়া হয়েছে।
4) কাজের জায়গা পরিষ্কারের সকল ক্ষেত্রে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলা হয়েছে।

পরীক্ষার্থীদের উদ্দেশ্যে পরীক্ষার শেষে তারা পরীক্ষাকেন্দ্র ছেড়ে বের হওয়ার সময় জানানো হবে:
এখানে আসার জন্য আপনাকে ধন্যবাদ জানাই পরীক্ষার ফলাফল জন্য উপলব্ধ হলে, আপনাকে তা ইমেইলের মাধ্যমে জানানো হবে। পরীক্ষার ফলাফল দেখতে হলে আপনাকে আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করে পরীক্ষার বিভাগে যেতে হবে। আপনি যদি আজকের পরীক্ষায় পাস করেন এবং আগেই লিখিত পরীক্ষা পাশ করে থাকেন, তাহলে আপনার লাইসেন্স মেইলের মাধ্যমে বা ডাকযোগে পাঠানো হবে। আপনি যদি আজকের পরীক্ষায় ফেল করেন বা লিখিত পরীক্ষা দিতে হয়, তাহলে আপনাকে আপনার পরবর্তী পরীক্ষার দিনটি অনলাইনে নির্ধারণ করতে হবে এবং তার জন্য অর্থ প্রদান করতে হবে। শুভকামনা রইল!

স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রায়োগিক পরীক্ষার কাজের তালিকা (04/2025)